

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا قَامَ أَحَدُكُمْ مِنَ اللَّيْلِ فَلْيَفْتَحِ الصَّلَاة بِرَكْعَتَيْنِ خفيفتين. رَوَاهُ مُسلم

বাংলা

১১৯৪-[৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমাদের কেউ যখন রাত্রে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার জন্য ঘুম থেকে উঠে, সে যেন দু' রাক্'আত সংক্ষিপ্ত সালাত দ্বারা (তার সালাত) আরম্ভ করে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হালকা দুই রাক্'আত দ্বারা সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করবে। আবূ দাউদ-এর বর্ণনায় অতিরিক্ত আছে, অতঃপর ইচ্ছামত তা দীর্ঘ করবে। এ থেকে জানা যায় যে, রাতের সালাত হালকা দুই রাক্'আত দ্বারা আরম্ভ করা মুস্তাহাব। যেমনটি পূর্বে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন